BSAA MLO/FDR. Circular No. 40 /2022 Dt: 10-09-2022.

# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

## টার্মিনাল ম্যানেজার এর দপ্তর

নথি নং- টিএম/শিপিং/ডিজি কার্গো/২০২১ /২৬০৯                                                    তারিখঃ- ০৫/০৯/২০২২ইং

বরাবর,
সভাপতি
বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন,
চেম্বার হাউস (৩য় তলা), ৩৮ আগ্রাবাদ বা/এ,
চট্টগ্রাম।

বিষয়ঃ বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনারের বডিতে IMO Lebel (DG Sticker) থাকা এবং সঠিক ভাবে IMO এর Standard Packing এবং Palletize এর নির্দেশনা মেনে কন্টেইনারে মালামাল লোডিং পোর্ট থেকে বোঝাই করা প্রসঙ্গে।

সূত্রঃ টিএম/শিপিং/ ডিজি কার্গো/২০২১ তারিখঃ- ২৯.১২.২০২১ ইং
টিএম/শিপিং/ ডিজি কার্গো/২০২১ তারিখঃ- ১৯.০৫.২০২২ ইং
টিএম/শিপিং/ ডিজি কার্গো/২০২১ তারিখঃ- ১৭.০৬.২০২২ ইং
টিএম/শিপিং/ ডিজি কার্গো/২০২১ তারিখঃ- ২৭.০৭.২০২২ ইং

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, International Maritime Organization এর বিধান অনুযায়ী সমুদ্রপথে বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনারের বডিতে IMO Lebel (DG Sticker) থাকার এবং সঠিক ভাবে IMO এর Standard Packing এবং Palletize এর নির্দেশনা মেনে কন্টেইনারে মালামাল লোড করার বাধ্যবাধকতা রয়েছে। এছাড়া বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনার সতর্কতার সাথে হ্যান্ডলিংয়ের জন্য কন্টেইনারের বডিতে IMO Lebel (DG Sticker) থাকা বাঞ্ছনীয়। ২১.০৯.২০২১ ইং তারিখে চবক এর বোর্ডরুমে চেয়ারম্যান, চবক এর সভাপতিত্বে Port Sceurity Advisory Comittee (PSAC) অনুষ্ঠিত সভায় সমুদ্রপথে বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনারের বডিতে IMO Lebel (DG Sticker) থাকার এবং সঠিক ভাবে IMO এর Standard Packing এবং Palletize এর নির্দেশনা মেনে কন্টেইনারে মালামাল লোড করা, Damage/Defective কন্টেইনারে বিপজ্জনক পণ্য পরিবহন না করা এবং বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনার/কার্গো দ্রুততম সময়ের মধ্যে বন্দর থেকে ডেলিভারী নেওয়ার নিদের্শনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, বিপজ্জনক মালামাল পারবাহিত কন্টেইনারের বডিতে IMO Lebel (DG Sticker) থাকা, সঠিক ভাবে IMO এর Standard Packing এবং Palletize এর অনুসরণ, Damage/Defective কন্টেইনারে বিপজ্জনক পণ্য পরিবহন এবং নির্ধারিত ইয়ার্ডে সংরক্ষণ ও দ্রুততম সময়ের মধ্যে বন্দর থেকে ডেলিভারী নেওয়ার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নিম্নোক্ত নির্দেশনা অণুসরন করার জন্য বলা গেল।

- লোডিং পোর্ট থেকে বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনারের বডিতে IMO Lebel (DG Sticker) লাগিয়ে কন্টেইনার জাহাজীকরণ করতে হবে।
- বিপজ্জনক পণ্য IMO এর নির্দেশনা মোতাবেক Standard Packing এবং Palletize করে কন্টেইনারে বোঝাই করতে হবে।
- টার্মিনাল অপারেটর ও বার্থ অপারেটরগণ বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনারের বডিতে IMO Lebel (DG Sticker) না থাকলে কন্টেইনার জাহাজ থেকে অবতরণের পূর্বে সংশ্লিষ্ট শিপিং এজেন্ট অন ডেকে বার্থ অপারেটর/টার্মিনাল অপারেটরের সহায়তায় IMO Lebel (DG Sticker) লাগিয়ে কন্টেইনার অবতরণ করাতে পারবে।
- জাহাজ বার্থিং নেওয়ার ২৪ ঘন্টা আগেই সংশ্লিষ্ট শিপিং এজেন্ট বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনারের অবতরণের প্রয়োজনীয় অনুমতি নিতে হবে।
- রপ্তানীকারক বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনার / কার্গো লোড করার সময় যথাযথ ভাবে প্যাকিং, লেবেলিং, এবং আইএমডিজি কোড অনুসারে কার্গো টেকনিক্যাল নেম অনুযায়ী মার্কিং ও আইএমডিজি স্টিকার লাগাতে হবে বিষয়টি সংশ্লিষ্ট শিপিং এজেন্ট তদারকী করবেন।
- বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনার ডেলিভারীর পর কন্টেইনারের গায়ে লাগানো সকল ধরনের ডিজি স্টিকার / লেবেল সহ কোন বিপজ্জনক পণ্যের অংশবিশেষ পড়ে থাকলে তা পরিষ্কার করে কন্টেইনার পুনঃ ব্যবহার যোগ্য করতে হবে বিষয়টি সংশ্লিষ্ট শিপিং এজেন্ট নিশ্চিত করবে।
- ডেমেজ/ ক্ষতিগ্রস্থ কন্টেইনারে কোন বিপজ্জনক পণ্য পরিবহন করা যাবে না। এক্ষেত্রে নিয়মলঙ্ঘন ও নির্দেশনা না মানার কারণে কোন ক্ষয়-ক্ষতি এবং দূর্ঘটনা ঘটলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শিপিং এজেন্ট, ফ্রেইড ফরোয়ার্ডার্স, এমএলও, NVOCC এবং সংশ্লিষ্ট কনসাইনীকে কে বহন করতে হবে।
- চট্টগ্রাম বন্দরে নিরাপদ কন্টেইনার ও কার্গো হ্যান্ডেলিং নিশ্চিত করার নিমিত্তে ডিজি সংক্রান্ত আন্তজার্তিক মেরিটাইম পর্যবেক্ষক সংস্থা (IMO) এর IMDG CODE, DG কন্টেইনার ও কার্গো নিয়ন্ত্রন সংস্থা বাংলাদেশ নৌবাহিনীর সকল বিধি-বিধান, বাংলাদেশ বিস্ফোরক অধিদপ্তর ও সংশ্লিষ্ট সকল সংস্থার নিয়মকানুন প্রতিপালনের পাশাপাশি দ্রুততম সময়ের মধ্যে ডিজি কন্টেইনার/কার্গো বন্দর থেকে ডেলিভারী নেওয়ার ব্যবস্থা করতে হবে।
- IGM এ Dangerous Goods/ Hazardous Goods সঠিক ঘোষনা দেওয়া না থাকলে এবং পরবর্তিতে এ পণ্য নিয়ে দূর্ঘটনা এবং জটিলতা সৃষ্টি হলে তার দায়-দ্বায়িত্ব সম্পূর্ণরুপে IGM ঘোষনাকারী সংশ্লিষ্ট শিপিং এজেন্ট, ফ্রেইড ফরোয়ার্ডার্স, NVOCC এবং আমদানীকারক দায়ী থাকবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের বিজ্ঞপ্তি নং- টিএম/শিপিং/ ডিজি কার্গো/২০২১/১৩৩২                তারিখঃ- ২৩.০৬.২০২১ ইং

টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। সকল সদস্য চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
২। পরিচলক (ট্রাফিক), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৩। ডেপুটি কনজারভেটর, চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৪। জয়েন্ট কমিশনার, কাস্টম হাউজ, চট্টগ্রাম এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৫। টার্মিনাল ম্যানেজার, পানগাঁও, ঢাকা এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৬। ডেপুটি ট্রাফিক ম্যানেজার, আইসিডি, কমলাপুর, ঢাকা এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৭। ডেপুটি ট্রাফিক ম্যানেজার (অপাঃ), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৮। হারবার মাস্টার, চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৯। Dangerous Cargo Inspection Office, নৌ-সমরাস্ত্র পরিদর্শন সংস্থা, বাংলাদেশ নৌবাহিনী, নিউমুরিং, চট্টগ্রাম।
১০। বাংলাদেশ বিস্ফোরক অধিদপ্তর, শেখ মুজিব রোড, আগ্রাবাদ এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
১১। চেয়ারম্যান, বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন, এসএইচআর টাওয়ার, বাদামতলী, আগ্রাবাদ, চট্টগ্রাম এর অবগতির জন্য এবং সংযুক্ত চবক এর বিজ্ঞপ্তি সকল সদস্যকে অবগত করে নির্দেশনা সূমহ বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।
১২। প্রেসিডেন্ট, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন, আনোয়ার ট্রেড সেন্টার (লেভেল-১০), (যমুনা ভবনের বিপরীতে), ১৭২৮ শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এলাকা, চট্টগ্রাম এর অবগতির জন্য এবং সংযুক্ত চবক এর বিজ্ঞপ্তি সকল সদস্যকে অবগত করে নির্দেশনা সূমহ বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।
১৩। প্রেসিডেন্ট, চট্টগ্রাম কাষ্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার (১৪ তলা), শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এলাকা, চট্টগ্রাম এর অবগতির জন্য এবং সংযুক্ত চবক এর বিজ্ঞপ্তি এবং Mercantile Marine Office এর পত্রের নির্দেশনাবলী আপনার এসোসিয়েশনের সকল সদস্যকে অবগত করে নির্দেশনা সূমহ বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।
১৪। সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো এসোসিয়েশন (বিকডা), আকতারুজ্জামান সেন্টার (১০ তলা), আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম এর অবগতির জন্য এবং সংযুক্ত চবক এর বিজ্ঞপ্তি এবং ISPS Compliance এর সকল নির্দেশনা আপনাদের সকল সদস্যকে অবগত করে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।
১৫। টার্মিনাল অপারেটর ও বার্থ অপারেটরগণ, DG কন্টেইনার ও কার্গো নিরাপদ সংরক্ষনের প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহনের জন্য দেয়া গেল।
১৬। পিএ টু চেয়ারম্যান - চেয়ারম্যান, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য।
১৭। পিএ টু কমিশনার অব কাস্টম - কমিশনার অব কাস্টম, মহোদয়ের সদয় অবগতির জন্য।

BSAA 404 Received
Dated 10-09-22
Signature

স্বাঃ
টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

**চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ**
পরিচালক (ট্রাফিক) এর দপ্তর

নথি নং- টিএম/শিপিং/ডিজি কার্গো/২০২১/১৩৬২ তারিখঃ- ২৩/০৬/২০২১ইং

## অফিস আদেশ

বিষয়ঃ- বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনারে **IMO Label (DG Sticker)** থাকা এবং সঠিক ভাবে **IMO** এর **Standard Packing** নির্দেশনা মেনে পরিবহন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, International Maritime Organization এর বিধান অনুযায়ী সমুদ্রপথে বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনারে IMO Label (DG Sticker) থাকার এবং সঠিক ভাবে IMO এর Standard Packing নির্দেশনা মেনে কন্টেইনারে মালামাল লোড করার বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু দেখা যাচ্ছে, সমুদ্রপথে বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনারে IMO Label (DG Sticker) থাকার এবং সঠিক ভাবে IMO এর Standard Packing নির্দেশনা মেনে কন্টেইনারে মালামাল লোড করার নির্দের্শনা থাকলেও তা যথাযথভাবে প্রতিপালন না হওয়ার কারণে বিভিন্ন অনাকাঙ্খিত দূর্ঘটনা ঘটছে।

এমতাবস্থায়, বিপজ্জনক মালামাল পরিবাহিত কন্টেইনারে IMO Label (DG Sticker) থাকা, Standard Packing অনুসরণ করা এবং এ জাতীয় কন্টেইনার নির্ধারিত ইয়ার্ডে সংরক্ষণের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নিম্নোক্ত নির্দেশনা পালন করার জন্য বলা হলো।

১. সংশ্লিষ্ট শিপিং এজেন্ট এবং ফ্রেইট ফরওয়ার্ডার্স বিপজ্জনক পণ্য বুকিং করার ক্ষেত্রে বিপজ্জনক পণ্যের প্রকৃতি এবং ধরণ বিশদভাবে বর্ণনাপূর্বক সঠিকভাবে Packing, Labelling, Technical/Chemical নাম সমৃদ্ধ Marking Symbol, Class, Sub-Class যথাযথভাবে অনুসরণ করে IMO এর Instruction অনুযায়ী পণ্য/কন্টেইনার লোডিং তদারকি ও পরিবহন করবেন।

২. লোডিং পোর্ট থেকে বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনারে IMO Label (DG Sticker) লাগিয়ে কন্টেইনার জাহাজীকরণ করতে হবে। বিপজ্জনক কন্টেইনার এবং পণ্যের গায়ে Class অনুযায়ী Special Signals, DG Sticker ইত্যাদি দিবা-রাত্রি সকল সময় দৃশ্যমান রাখার ব্যবস্থা করতে হবে।

৩. বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনার এবং বিপজ্জনক পণ্যের Packing, Labelling ত্রুটিযুক্ত হতে পারবে না এবং ত্রুটিযুক্ত (Damage) কন্টেইনার জাহাজে পরিবহন করা যাবে না কিংবা Port premises এ Discharging করা যাবে না।

৪. IMDG Class-ভূক্ত পণ্য পরিবাহিত কন্টেইনার চট্টগ্রাম বন্দরে সংরক্ষণের ক্ষেত্রে পণ্যের/কন্টেইনারের রিস্ক, রেসপনসিবিলিটি এবং খরচ Importer/Importer-এর পণ্য পরিবহনের এজেন্ট হিসেবে শিপিং এজেন্ট ও ফ্রেইট ফরওয়ার্ডার এর উপর বর্তাবে।

৫. জাহাজ বার্থিং নেওয়ার ২৪ ঘন্টা আগেই সংশ্লিষ্ট শিপিং এজেন্ট বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনার ডিসচার্জিং এর দলিলাদি যথাযথভাবে বাংলাদেশ নৌবাহিনীর অনুমোদন গ্রহণপূর্বক প্রস্তুত রাখবেন। বিপজ্জনক কন্টেইনার সরাসরি জাহাজ থেকে ডেলিভারীর ক্ষেত্রে জাহাজ আসার পূর্বেই সংশ্লিষ্ট শিপিং এজেন্ট ও আমদানীকারক/সিএন্ডএফ এজেন্ট বাংলাদেশ নৌবাহিনীর অনুমতি পত্রসহ Custom Outpass ইত্যাদি কার্যক্রম সম্পন্ন করবেন।

৬. বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনার হতে পণ্য খালাসের পর কন্টেইনারের গায়ে লাগানো সকল ধরনের Labels, Placards, Orange Panels, Pollutant Marks অপসারণ করে পরবর্তী ব্যবহারের জন্য কন্টেইনার উপযোগী করে রাখতে হবে।

৭. কোন কোন কন্টেইনারের ডিজি কার্গো Palletized অথবা প্লাস্টিক ড্রাম কিংবা কাগজের তৈরি কার্টন বক্সে প্যাকিং করে কন্টেইনারে ষ্টাফিং করে জাহাজে পরিবাহিত হয়। এ সকল পণ্য কন্টেইনারের ভিতর লোডিং-আনলোডিং কিংবা পরিবহনের সময় ড্রাম লিকেজ হয়ে কন্টেইনারের ভিতর ডেমেজ হয়। এতে তরল জাতীয় পণ্য কন্টেইনার হতে চুইয়ে বেরিয়ে আসে এবং কন্টেইনার হ্যান্ডলিং ঝুঁকিপূর্ণ হয়ে পড়ে। ড্রাম কিংবা কার্টন বক্সে পণ্য প্যাকিং এর ক্ষেত্রে পণ্যের প্রকৃতি ও ধরণ অনুযায়ী ড্রাম কিংবা কার্টন বক্সে Standard Packing এবং Palletize করে কন্টেইনারে ষ্টাফিং এবং জাহাজে পরিবহনের বিষয়টি নিশ্চিত করতে হবে।

৮. টার্মিনাল অপারেটর ও বার্থ অপারেটরগণ বিপজ্জনক পণ্য পরিবাহিত কন্টেইনারে IMO Label (DG Sticker) না থাকলে কন্টেইনার জাহাজ থেকে অবতরণের পূর্বে সংশ্লিষ্ট শিপিং এজেন্ট, ফরওয়ার্ডার ও ফিডার এজেন্ট অন-ডেকে বার্থ অপারেটর/টার্মিনাল অপারেটরের সহায়তায় IMO Label (DG Sticker) লাগিয়ে কন্টেইনার অবতরণ করাতে পারবে। যদি কোন শিপিং এজেন্ট অথবা ফ্রেইট ফরওয়ার্ডার , ফিডার এজেন্ট IMO Label (DG Sticker) লাগাতে অপারগতা প্রকাশ করেন কিংবা ব্যর্থ হন সেক্ষেত্রে উক্ত কন্টেইনার চট্টগ্রাম বন্দরে জাহাজ হতে ডিসচার্জিং না করে Return On Board (ROB) করা হবে।

৯. Damage/Defective কন্টেইনার ডিসচার্জিং এর পূর্বে শিপ সার্ভে, নৌবাহিনীর Recommendation ও বন্দর ফায়ার সার্ভিস এর তত্ত্বাবধান নিশ্চিত করতে হবে।

ক্রমশঃ- পাতা-২

Signature

১০. ডিজি কন্টেইনার/কার্গো দ্রুততম সময়ের (৭২ ঘন্টার মধ্যে) মধ্যে বন্দর থেকে ডেলিভারী নিশ্চিত করতে হবে।

১১. চট্টগ্রাম বন্দরে নিরাপদ কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং নিশ্চিত করার নিমিত্তে ডিজি সংক্রান্ত আন্তজার্তিক মেরিটাইম পর্যবেক্ষক সংস্থা (IMO) এর IMDG CODE, DG কন্টেইনার ও কার্গো নিয়ন্ত্রণ সংস্থা বাংলাদেশ নৌবাহিনীর সকল বিধি-বিধান, বাংলাদেশ বিস্ফোরক অধিদপ্তর ও সংশ্লিষ্ট সকল সংস্থার নিয়মকানুন প্রতিপালনের পাশাপাশি দ্রুততম সময়ের মধ্যে ডিজি কন্টেইনার/কার্গো বন্দর থেকে ডেলিভারী নিতে হবে। বিপজ্জনক পণ্য (DG) পরিবাহিত কন্টেইনার বিলম্বে ডেলিভারীর কারণে কোন দূর্ঘটনা ঘটলে সংশ্লিষ্ট শিপিং এজেন্ট/ ফ্রেইট ফরওয়ার্ডার/কনসাইনী দায়ী থাকবেন।

১২. বালাদেশ নৌ-বাহিনীর Dangerous Cargo Inspection Office এর নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট ফিডার এজেন্ট, শিপিং এজেন্ট এবং ফ্রেইট ফরওয়ার্ডার বিপজ্জনক পণ্য (DG) পরিবাহিত কন্টেইনারের তালিকা সংগ্রহ করে সংশ্লিষ্ট বার্থ অপারেটর ও টার্মিনাল অপারেটরের মাধ্যমে চট্টগ্রাম বন্দরের ফায়ার শাখার তত্ত্বাবধানে সংরক্ষণের বিষয়টি নিশ্চিত করবেন।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। সকল সদস্য চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
২। কমিশনার অব কাস্টমস্, কাস্টম হাউস, চট্টগ্রাম এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৩। ডেপুটি কনজারভেটর, চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৪। পরিচালক (নিরাপত্তা) চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৫। টার্মিনাল ম্যানেজার, পানগাঁও এর অবগতির জন্য দেয়া গেল।
৬। ডেপুটি ট্রাফিক ম্যানেজার, আইসিডি, কমলাপুর, ঢাকা এর অবগতির জন্য দেয়া গেল।
৭। টার্মিনাল ম্যানেজার, চবক এর অবগতির জন্য দেয়া গেল।
৮। ডেপুটি ট্রাফিক ম্যানেজার (অপাঃ), চবক এর অবগতির জন্য দেয়া গেল।
৯। জয়েন্ট কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল।
১০। হারবার মাস্টার, চবক এর অবগতির জন্য দেয়া গেল।
১১। সকল এটিএম, চবক এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল।
১২। সকল টার্মিনাল অফিসার, চবক এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল।
১৩। Dangerous Cargo Inspection Office, নৌ-সমরাস্ত্র পরিদর্শন সংস্থা, বাংলাদেশ নৌবাহিনী, নিউমুরিং, চট্টগ্রাম এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
১৪। বাংলাদেশ বিস্ফোরক অধিদপ্তর, শেখ মুজিব রোড,আগ্রাবাদ এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
১৫। টার্মিনাল অপারেটর ও বার্থ অপারেটরগণ, DG কন্টেইনার ও কার্গো নিরাপদ সংরক্ষণের প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য।
১৬। পিএ টু চেয়ারম্যান - চেয়ারম্যান, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য।
১৭। টিআই,শিপিং শাখা এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল।
১৮। টিআই/ইনচার্জ, সকল ইউনিট/ইয়ার্ড/শেড/সিএফএস এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল।
১৯। প্রেসিডেন্ট, এফবিসিসিআই, ফেডারেশন ভবন, ৬০ মতিঝিল বা/এ, ঢাকা।
২০। প্রেসিডেন্ট, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
২১। সভাপতি, বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন,চেম্বার হাউস (৩য় তলা), ৩৮ আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম, চট্টগ্রাম এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
২২। সভাপতি, বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন, এসএইচআর টাওয়ার, ৩২০ শেখ মুজিব রোড আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম, এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
২৩। প্রেসিডেন্ট, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন, আনোয়ার ট্রেড সেন্টার (লেভেল-১০), (যমুনা ভবনের বিপরীতে), ১৭২৮ শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এলাকা, চট্টগ্রাম এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
২৪। সভাপতি, চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার (১৩ তলা), ১৭১২, শেখ মুজিব রোড, চট্টগ্রাম এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

২৮/৬/২০২১
পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

23.6.21